



যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতাকে স্বাগত বাংলাদেশের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি ও শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে হওয়া সমঝোতাকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ। সোমবার (১৫ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ অবস্থান জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ সবসময় আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি এবং কূটনৈতিক উদ্যোগের মাধ্যমে উত্তেজনা কমানোর পক্ষে অবস্থান নিয়েছে। সাম্প্রতিক এই অগ্রগতিকে ইতিবাচক হিসেবে দেখছে ঢাকা।

পররাষ্ট্র মন্ত্রণালয় সমঝোতা প্রক্রিয়ায় ভূমিকা রাখা সংশ্লিষ্ট দেশ ও মধ্যস্থতাকারীদের প্রচেষ্টার প্রশংসা করেছে। একই সঙ্গে চুক্তি আন্তরিকতার সঙ্গে বাস্তবায়িত হবে বলেও আশা প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশের মতে, মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতা শুধু ওই অঞ্চলের জন্য নয়, বরং বৈশ্বিক নিরাপত্তা ও অর্থনৈতিক স্থিতিশীলতার জন্যও গুরুত্বপূর্ণ।

বিবৃতিতে আরও বলা হয়, অবশিষ্ট বিরোধপূর্ণ বিষয়গুলো আলোচনার মাধ্যমে সমাধানের সুযোগ তৈরি হয়েছে। এ প্রক্রিয়া অব্যাহত থাকলে আঞ্চলিক শান্তি প্রতিষ্ঠার পাশাপাশি বাণিজ্য ও সরবরাহ ব্যবস্থাও দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরতে পারে।

বাংলাদেশ সংশ্লিষ্ট সব পক্ষকে সংযম বজায় রেখে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানিয়েছে এবং দীর্ঘমেয়াদি শান্তি প্রতিষ্ঠার আশাবাদ ব্যক্ত করেছে।